

# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)

## দশম শ্রেণি

### বাংলা ভাষা ও সাহিত্য

#### নিজে পড়ো

- **নির্দিষ্ট এককঃ** পথের দাবী
  - **নির্দিষ্ট উপএককঃ ক)** পুলিশ-স্টেশনে প্রবেশ করিয়া...সোজা প্রশ্নান করিল।
    - খ) আশ্চর্য এই যে...নিঃশব্দে নিজের ঘরে চলিয়া গেল।
    - গ) সেই দিন বিকালে আফিসের...টানিয়া নীচে নামাইতে পারি।
  - **রচয়িতার নামঃ** শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (পাঠ্য/পরিচিত বই থেকে পাঠ করবে।)
  - **উৎসঃ** 'পথের দাবী' [ উপন্যাসের ষষ্ঠ পরিচ্ছেদের প্রায় শেষাংশ থেকে সপ্তম পরিচ্ছেদের শেষ দুটি অনুচ্ছেদ বাদে অবশিষ্টাংশ নিয়ে গঠিত। ]
- প্রকাশিতঃ** বঙ্গবাণী পত্রিকা।

#### শব্দছকঃ-

শব্দ	অর্থ	পদ	ব্যাকরণগত পরিচয়
দুরারোগ্য	সহজে আরোগ্য হয় না এমন	বিণ	নেই আরোগ্য যার -> বহুব্রীহি সমাস
উত্তরীয়	উড়ানি, চাদর	বি	সংস্কৃতমূল শব্দ
কম্পাস	দিকনির্ণয় যন্ত্র, বৃত্ত অঙ্কনের যন্ত্রবিশেষ	বি	বিদেশি শব্দ
আহম্মক	নির্বোধ	বিণ	আরবি শব্দ
আরদালি	চাপরাশি	বি	ইংরাজি orderly - শব্দজ
শশব্যস্ত	অতি চঞ্চল বা ব্যস্ত	বিণ	শশকের ন্যায় ব্যস্ত -> উপমান কর্মধারয়

## নমুনা প্রশ্নোত্তর

### ১. সঠিক উত্তরটি বেছে লেখো।

১.১. গিরীশ মহাপাত্রের চোখদুটো অপূর্বর মনে হয়েছিল -

(ক) সূর্যের মতন (খ) গভীর জলাশয়ের মতন

(গ) আকাশের মতন (ঘ) চঞ্চল।

১.২. গিরীশ মহাপাত্র মাথায় যে তেল মেখেছিল, সেটি হল -

(ক) লেবুর তেল (খ) সরষের তেল

(গ) নারকেল তেল (ঘ) একটিও না।

১.৩. অপূর্বর ঘরে চুরি হওয়ার দিন, তেওয়ারি গিয়েছিল -

(ক) বেলুচিস্থানে (খ) কোলকাতায়

(গ) ফয়্যায় (ঘ) লাহোরে।

১.৪. 'কিন্তু বুনো হাঁস ধরাই যে এদের কাজ'। কথাটি বলেছিল -

(ক) অপূর্ব (খ) তেওয়ারি

(গ) রামদাস (ঘ) সব্যসাচী।

১.৫. অপূর্ব ট্রেনের যে শ্রেণির যাত্রী ছিল, সেটি হল -

(ক) প্রথম (খ) দ্বিতীয়

(গ) তৃতীয় (ঘ) চতুর্থ।

### ২. কম-বেশি ৬০ শব্দে উত্তর দাও।

২.১. 'আমার ইচ্ছা তুমি একবার সবগুলো দেখে আস।' - বক্তা কাকে কী দেখে আসতে বলেছেন? বক্তা এ কথা কেন বলেছেন? (১+১+১=৩)

**উঃ-** স্বনামধন্য কথাসাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা 'পথের দাবী' গদ্যাংশে (মূলগ্রন্থঃ পথের দাবী ) উদ্ধৃত অংশটির বক্তা হলেন অপূর্বর অফিসের বড়োবাবু।

. অপূর্বর অফিসের বড়োবাবু অপূর্বের উদ্দেশ্যেই এই কথা বলেছেন।

. বক্তা অপূর্বকে অফিসের অন্যান্য শাখা, যেমন ভামো, ম্যানডালে, শোএবো, মিকথিলা ইত্যাদি শাখার পরিদর্শনে যেতে বলেছিলেন।

. অফিসের বড়োবাবুর মতে অফিসের ভামো, ম্যানডালে, শোএবো ইত্যাদি শাখায় বিভিন্ন কারণে শৃঙ্খলা বিঘ্নিত হয়ে গোলযোগ সৃষ্টি হচ্ছে। একইসঙ্গে বড়োবাবুর অবর্তমানে অপূর্বর উপরই সমস্ত অফিসের ভার আসবে, তাই বড়োবাবু অপূর্বকে অফিসের অন্যান্য শাখা দেখে আসতে বলেছিলেন।

২.২. 'কৈ এ ঘটনা তো আমাকে বলেন নি?' - কে কার উদ্দেশ্যে এই কথা বলেছেন? কোন ঘটনার কথা বলা হয়েছে? (১+১+১=৩)

উঃ- খ্যাতনামা সাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা 'পথের দাবী' গদ্যাংশে (মূলগ্রন্থঃ পথের দাবী) আলোচ্য অংশটির বক্তা হলেন অপূর্বর সহকর্মী রামদাস তলওয়ারকর।

. রামদাস তলওয়ারকর অপূর্বর উদ্দেশ্যে এই কথা বলেছেন।

. অপূর্ব যে ঘটনাটি সহকর্মী, বন্ধু রামদাসকে বলেনি, সেই ঘটনা পরাধীন ভারববর্ষে সাম্রাজ্যবাদের এক কদর্য রূপ। অপূর্বকে বিনা দোষে ফিরিঙ্গি ছেলেরা লাথি মেরে স্টেশন থেকে বের করে দেয়। অপূর্ব স্টেশনমাস্টার-এর কাছে প্রতিবাদ জানাতে গেলে সে কালো চামড়ার দেশি লোক বলে স্টেশনমাস্টার তাকে কুকুরের মত তাড়িয়ে দেয়। এই অপমানজনক ঘটনাই অপূর্ব রামদাসকে বলতে পারেনি।

### নিজে করো

১. কম-বেশি ২০ শব্দে উত্তর দাও। (১×৫=৫)

১.১. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের অপর একটি উপন্যাসের নাম লেখো।

১.২. থানায় আটক করা বাঙালিরা কোন কারখানায় কাজ করছিলেন?

১.৩. 'তবে এ বস্তুটি পকেটে কেন?' - বস্তুটি কী?

১.৪. অপূর্বর বাবা কাকে চাকরি দিয়েছিলেন?

১.৫. ভামো যাওয়ার সময় ট্রেনে অপূর্বর সঙ্গী কে কে ছিল?

২. কম-বেশি ৬০ শব্দে উত্তর দাও। (৩×১=৩)

২.১. 'ইচ্ছা করিলে আমি তোমাকে টানিয়া নীচে নামাইতে পারি' - কোন প্রসঙ্গে এই কথা বলা হয়েছে? আলোচ্য বক্তব্যের তাৎপর্য উল্লেখ করো। (১+২=৩)

৩. কম-বেশি ১৫০ শব্দে উত্তর দাও। (৫×৪=২০)

৩.১. 'তা ছাড়া আমার বড়ো লজ্জা এই যে...' - বক্তা কে? বক্তার লজ্জিত হওয়ার বিষয়টি কী? বক্তার লজ্জিত হওয়ার গভীর তাৎপর্যটি বিশ্লেষণ করো। (১+১+৩=৫)

৩.২. অপূর্বর ভামো যাওয়ার পথে কী অভিজ্ঞতা হয়েছিল তা বর্ণনা করো। (৫)

৩.৩. 'পথের দাবী' গল্প অবলম্বনে অপূর্বর চরিত্রটি বিশ্লেষণ করো। (৫)

৩.৪. সব্যসাচী মল্লিক সন্দেহে যে লোকটিকে থানায় আলাদা ঘরে আটকে রাখা হয়েছিল, তার সাজপোশাকের বর্ণনা দাও। (৫)

SRAI